

কবিরহাট সরকারি কলেজ, নোয়াখালী

ডাকঘর+উপজেলাঃ কবিরহাট, জেলাঃ নোয়াখালী

নোটিশ

একাদশ ভর্তির বিজ্ঞপ্তি

একাদশ ভর্তির বিজ্ঞপ্তি



বাংলাদেশ আন্তঃ শিক্ষা বোর্ড সমন্বয় কমিটি

তারিখ : ১৫/০৮/২০২৪

স্মারক নং-স্মারক নং-২২৭/ক/শিম/২০১২(কলেজ)/ ১৩৩৫

জরুরি বিজ্ঞপ্তি


বিষয়ঃ ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে সর্বশেষ ৪র্থ পর্যায়ে online এর মাধ্যমে ভর্তির আবেদন, ফল প্রকাশ, নিশ্চায়ন ও কলেজে ভর্তির সময়সীমা পুনরায় বৃদ্ধি প্রসঙ্গে।

শিক্ষার্থী, অভিভাবক ও বিভিন্ন কলেজের অধ্যক্ষগণের আবেদনের প্রেক্ষিতে ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে online এর মাধ্যমে ভর্তির লক্ষ্যে পুনরায় সময়সীমা বৃদ্ধি করা হলো। আবেদন পদ্ধতি শিক্ষা বোর্ডসমূহের নির্ধারিত ভর্তি ওয়েবসাইট: (<https://www.xiclassadmission.gov.bd>) তে প্রদত্ত পূর্ণাঙ্গ নির্দেশিকা অনুসরণ করতে হবে। সংশ্লিষ্ট শিক্ষার্থী ও অভিভাবকদের কলেজে বিদ্যমান আসন সংখ্যা দেখে সর্বমোট ০৫(পাঁচ) টি এবং সর্বোচ্চ ১০(দশ) টি কলেজে আবেদন করতে হবে।

২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে (সর্বশেষ) ৪র্থ ধাপে online এর মাধ্যমে ভর্তির জন্য নিম্নোক্ত বর্ধিত সময় সূচি অনুসরণ করতে হবে:

ক্রমিক	বিষয়	তারিখ
১	৪র্থ (সর্বশেষ) পর্যায়ের আবেদন গ্রহণ	১৫/০৮/২০২৪ (বৃহস্পতিবার) থেকে ১৮/০৮/২০২৪ (রবিবার রাত ১০:০০ টা পর্যন্ত)
২	৪র্থ (সর্বশেষ) পর্যায়ের আবেদনের ফল প্রকাশ	২১/০৮/২০২৪ (বুধবার রাত ৮:০০ টায়)
৩	৪র্থ (সর্বশেষ) পর্যায়ের শিক্ষার্থীর Selection নিশ্চায়ন	২২/০৮/২০২৪ (বৃহস্পতিবার) থেকে ২৪/০৮/২০২৪ (শনিবার রাত ৮:০০ পর্যন্ত)
৪	কলেজে ভর্তি	২৫ / ০৮ /২০২৪ (রবিবার)

বিদ্রোহ উল্লেখ্য, “২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তির নীতিমালা-২০২৪” অনুসরণপূর্বক অনলাইন ব্যতীত ম্যানুয়ালী কোন ভর্তি করা হবে না। এ বিষয়ে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান, অভিভাবক ও শিক্ষার্থীদের পুনরায় অবহিত করা যাচ্ছে।


প্রফেসর তপন কুমার সরকার
সভাপতি
বাংলাদেশ আন্তঃ শিক্ষা বোর্ড সমন্বয় কমিটি
ও
চেয়ারম্যান
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।